

# ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিমিটেড

ফেনী শাখা, ফেনী।

অর্থঋণ আদালত আইন ২০০৩ এর ১২ ধারা মোতাবেক বন্ধকী সম্পত্তি নিলাম বিক্রয়ের দরপত্র বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাইতেছে যে, মেসার্স এ.বি. মোটরস এবং মেসার্স এ.বি. ব্রিকস নামীয় ব্যবসা প্রতিষ্ঠানের স্বত্বাধিকারী-জনাব ইফতেখার আহমেদ, পিতাঃ মৃত সৈয়দ আহমেদ, মাতাঃ ফাতেমা বেগম, ব্যবসায়িক ঠিকানাঃ ২৮০/০৩, এস.এস.কে. রোড, ফেনী এবং দক্ষিণ চাঁদপুর, দুধমুখা, দাগনভূঞা, ফেনী, বর্তমান ঠিকানাঃ ৩৯০, উত্তর শাহজাহানপুর, ঢাকা, স্থায়ী ঠিকানাঃ সাং-বৈঠারপাড়, পোঃ গজারিয়া বাজার, থানা-দাগনভূঞা, জেলা-ফেনী কর্তৃক ইউসিবি, ফেনী শাখা হইতে গৃহীত ঋণের জামানত হিসাবে নিম্ন তফসিলভুক্ত সম্পত্তি ও তদুপস্থিত স্থাপনাদি (যদি থাকে) রেজিস্ট্রিকৃত বন্ধকী দলিলমূলে ব্যাংকের নিকট বন্ধক রাখা আছে এবং রেজিস্ট্রিকৃত আমমোক্তার দলিলমূলে আদালতের আদেশ ছাড়াই উহা বিক্রয়ের ক্ষমতা ব্যাংককে প্রদান করা আছে। ঋণগ্রহীতা মঞ্জুরীপত্রের শর্ত মোতাবেক ঋণ পরিশোধ না করায় বিগত ৩১/০৭/২০১৮ইং তারিখ পর্যন্ত ঋণ হিসাবে বকেয়া স্থিতি বাবদ মেসার্স এ.বি. ব্রিকস নামীয় প্রতিষ্ঠান থেকে পাওনা ১,১৩,৮৭,৭০১.৮২ (এক কোটি তের লক্ষ সাতাশি হাজার সাতশত এক টাকা বিরাশি পয়সা) এবং মেসার্স এ.বি. মোটরস নামীয় প্রতিষ্ঠান থেকে পাওনা ৩,০৫,৬৪,৩৪১.৮৮ (তিন কোটি পাঁচ লক্ষ চৌষট্টি হাজার তিনশত একচল্লিশ টাকা আটশি পয়সা) সর্বমোট ৪,১৯,৫২,০৪৩.৭০ (চার কোটি উনিশ লক্ষ বায়ান্ন হাজার তেতাল্লিশ টাকা সত্তর পয়সা) টাকা সহ অন্যান্য আনুসঙ্গিক খরচ ও আদায়কালতক সুদ আদায়ের নিমিত্তে নিম্ন তফসিলভুক্ত সম্পত্তি যেখানে যে অবস্থায় আছে সেই অবস্থায় নিলামে বিক্রয়ের জন্য আগ্রহী ফ্রেতাদের নিকট হইতে নিম্ন বর্ণিত শর্তাদিতে সাদা কাগজে/প্যাডে স্থায়ী ঠিকানাসহ পূর্ণাঙ্গ ঠিকানা উল্লেখপূর্বক সীলমোহরকৃত দরপত্র আহবান করা যাইতেছে।

## বন্ধকী সম্পত্তির তফসিল

জেলা-ফেনী, থানা ও সাব-রেজিস্ট্রি অফিস-দাগনভূঞা, মৌজা-দক্ষিণ চাঁদপুর, জে.এল. নং-সাবেক-১৯১, হাল-৯৩, সি.এস. খতিয়ান নং-৫/৪, এম.আর.ও.আর. খতিয়ান নং-৩/২, বি.এস. খতিয়ান নং-১৬৪(ডি.পি.)/২৭৯(ডি.পি.)/২৪০(ডি.পি.), নামজারী খতিয়ান নং-১১১, সি.এস. এবং এস.এ. দাগ নং-১৪৩/১৩৮/১৩৯/১৮৭/১৮৬/১৪৪/১৮৮, বি.এস. দাগ নং-২৯৮/৩০০, ২৯৫/২৯৬, ২৯০/২৯১, ৩১৪/৩১৬, ৩০২/২৯৯/৩১৭, মোট জমির পরিমাণ ২১১ শতাংশ যাহার চৌহদ্দীঃ উত্তরে-রাস্তা, দক্ষিণে-জহিরুল ইসলাম, পূর্বে-মিলন মিয়া এবং পশ্চিমে-রাস্তা।

## নিলামের শর্তাবলী :-

- আগামী ১০/০৯/২০১৮ ইং বিকাল ৩.৩০ ঘটিকার মধ্যে ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, ফেনী শাখা, ফেনী এ রক্ষিত বাক্সে সরাসরি অথবা রেজিস্ট্রিকৃত ডাকযোগে দরপত্র জমা দিতে হইবে এবং ঐ দিনই ৪.০০ ঘটিকার সময় দরপত্র দাতাদের সামনে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র খোলা হইবে।
- প্রত্যেক দরপত্রদাতাকে উদ্ধৃত দর অনুর্ধ্ব ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা হইলে উহার ২০%, উদ্ধৃত দর ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনুর্ধ্ব ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা হইলে উহার ১৫%, এবং উদ্ধৃত দর ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক হইলে উহার ১০% এর সমপরিমাণ টাকার ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার জামানত স্বরূপ ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, ফেনী শাখার অনুকূলে দরপত্রের সহিত দাখিল করিতে হইবে।
- অনুর্ধ্ব ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকার উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৩০ (ত্রিশ) দিবসের মধ্যে, ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনুর্ধ্ব ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকার উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৬০ (ষাট) দিবসের মধ্যে, এবং ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকার অধিক উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৯০ (নব্বই) দিবসের মধ্যে সর্বোচ্চ দরদাতাকে সমদ্বয় মূল্য পরিশোধ করিতে হইবে এবং তাহা করিতে ব্যর্থ হইলে জামানতের টাকা বাজেয়াপ্ত হইবে। প্রথম সর্বোচ্চ দরপত্রদাতার জামানত বাজেয়াপ্ত হইলে ব্যাংক কর্তৃপক্ষ দ্বিতীয় সর্বোচ্চ দরপত্রদাতাকে সম্পত্তি ক্রয়ে আহবান করিতে পারিবেন।
- দাখিলকৃত দরপত্রে সম্পত্তির প্রস্তাবকৃত মূল্য অস্বাভাবিকভাবে অপর্যাপ্ত বা কম প্রতীয়মান হইলে নিম্নস্বাক্ষরকারী উক্ত দর প্রস্তাব অগ্রাহ্য করিতে পারিবেন।
- ব্যাংক কর্তৃপক্ষ সফল দরদাতার অনুকূলে নিলামকৃত সম্পত্তি রেজিস্ট্রি দলিলমূলে হস্তান্তর করিবেন। তবে দলিল রেজিস্ট্রি সংক্রান্ত যাবতীয় খরচ যেমন- রেজিস্ট্রিশন ফ্রি, ষ্ট্যাম্প ডিউটি, বিবিধ ব্যয়সহ অন্যান্য প্রযোজ্য গুরু প্রভৃতি এবং উহার উপর কোন সরকারী, আধা-সরকারী, স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের যথা-সিটি কর্পোরেশন/পৌরসভা, ওয়াসা পি.ডি.বি./পল্লী বিদ্যুৎ, গ্যাস সরবরাহকারী প্রতিষ্ঠান, ভূমিকর ইত্যাদি সহ যে কোন পাওনাদারের পাওনা বা দাবী থাকিলে তাহা দরদাতাকেই বহন করিতে হইবে।
- দরপত্র জমা দেওয়ার পর বিক্রয় প্রস্তাবিত সম্পত্তির আকার, প্রকার, অবস্থান, স্বত্ব/স্বত্বের দলিল ইত্যাদি সম্পর্কে কোন প্রকার আপত্তি গ্রহণযোগ্য হইবে না।
- দরপত্রের মাধ্যমে নিলামে অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তিগণ বিস্তারিত তথ্য অবগত হইবার জন্য নিম্নস্বাক্ষরকারীর অফিসে যোগাযোগ করিতে পারিবেন।
- ব্যাংক কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকেই যে কোন দরপত্র বা সকল দরপত্র বাতিল করিবার ক্ষমতা সংরক্ষণ করিবেন।

ব্যবস্থাপক, ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, ফেনী শাখা, ফেনী।